সংবাদ

তারিখ : 03 JAN 2016
পৃষ্ঠা ১ কলাম ৩

# চূড়ান্ত ভোটার তালিকা ৩১ জানুয়ারি

নিজস্ব বার্তা পরিবেশক

প্রকাশিত হালনাগাদ ভোটার (খসড়া) তালিকা সংশোধন শেষে আগামী ৩১ জানুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবে নির্বাচন কমিশন (ইসি)। খসড়া তালিকায় ৪৩ লাখ ৬৮ হাজার ৪৭ জন ভোটার অন্তর্ভুক্ত হয়েছেন। আগামী ১৭ জানুয়ারির মধ্যে প্রকাশিত খসড়া তালিকায় অন্তর্ভুক্ত হওয়া কারও বিরুদ্ধে আপত্তি দেয়া যাবে। এছাড়াও নতুন তালিকায় কোন তথ্য ভুল থাকলে একই সময়ের মধ্যে সংশোধনের জন্য আবেদন করা যাবে। এরপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ২২ জানুয়ারি অভিযোগ নিষ্পত্তি করবে। পরে ৩১ জানুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। গতকাল ইসি সচিবালয়ের মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ইসি সচিব সিরাজুল ভোটার : পৃষ্ঠা : ১৫ ক : ১

## ভোটার : তালিকা

(১ম পৃষ্ঠার পর)

ইসলাম। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ইসি সচিবালয়ের অতিরিক্ত সচিব মোখলেছুর রহমান, জাতীয় পরিচয়পত্র অনুবিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সুলতানুজ্জামান মো. সালেহ উদ্দিন ও পরিচালক (জনসংযোগ) এসএম আসাদুজ্জামান। সংবাদ সম্মেলনে ইসি সচিব জনান, হালনাগাদকৃত ভোটার তালিকা জেলা, থানা, রিভাইজিং অথরিটি অফিস, ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ওয়ার্ড অফিস, ক্যান্টনমেন্ট বোর্ড, রেজিস্ট্রেশন অফিসসহ জনগুরুত্বপূর্ণ স্থানে প্রকাশ করা হয়েছে। ২০১৫ সালের ১ এপ্রিল পর্যন্ত ডাটাবেজ অনুসারে ভোটার রয়েছেন ৯ কোটি ৬২ লাখ ২৬ হাজার ৫৪২ জন। নতুন ভোটারসহ এখন দেশে মোট ভোটার দাঁড়াচ্ছে ১০ কোটি ৫ লাখেরও বেশি। তিনি বলেন, খসড়া ভোটার তালিকায় পুরুষ ভোটার ২২ লাখ ৯৭ হাজার ৮৯৫ জন ও নারী ভোটার রয়েছেন ২০ লাখ ৭০ হাজার ১৫২ জন।